দৈনিক ইত্তেফাক
তারিখ 18 APR 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ডিগ্রি পরীক্ষা হলে খাতা নাই, প্রশ্নপত্রে ভুল

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলতি ডিগ্রী পরীক্ষায় প্রশ্নপত্রের ভুলভ্রান্তি ও পরীক্ষার খাতার স্বল্পতায় রাজধানীর কয়েকটি কলেজ পরীক্ষা কেন্দ্রে তুমুল উত্তেজনা দেখা দেয়। মার্কেটিং-এর তৃতীয়পত্রের প্রশ্নপত্রে ভুল ছিল। উহার সংশোধনী হাতে লিখিয়া এমন ভাষায় সরবরাহ করা হয় যে, উহার ব্যাখ্যাদানের জন্য সোহরাওয়ার্দী

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## ডিগ্রী পরীক্ষা হলে

(১ম পৃ: পর)

কলেজে বোর্ড বসাইতে হয়। পরীক্ষার্থীরা বাড়তি খাতা চাহিলে তাহাদের কাগজের স্বল্পতার কথা জানাইয়া ছোট ছোট অক্ষরে লিখিতে বলা হয়। সিটি কলেজসহ কয়েকটি কলেজে খাতার স্বল্পতার মুখে ছাত্র উত্তেজনা দেখা দেয়। পরীক্ষকগণ খাতার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছুটিয়া আসিলে তাহাদিগকে জানানো হয়, এক্সট্রা খাতা প্রেসে আছে। রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করিলে তিনি বলেন, পরীক্ষার খাতার স্বল্পতার তেমন কোন ঘটনা ঘটে নাই। আর প্রশ্নপত্রের বিষয়ে তিনি অনবহিত, কারণ উহা পরীক্ষক কমিটির এখতিয়ারে।

এডিগ্রী পরীক্ষা গত অক্টোবরে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। বিনা কারণে পরীক্ষা ডিসেম্বরে পিছায়। আবার কোন কারণ না দর্শাইয়া ডিগ্রী পরীক্ষা ৩১শে মার্চে স্থানান্তর করা হয়। স্বাধীনতার পর ডিগ্রী পরীক্ষা এমনভাবে আর একবারও পিছায় নাই।